

Annual Examination : 2023-2024

Class : IX

Sub : Bengali

Time : 3 Hours

Full Marks : 80

ক-বিভাগ

সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :

১ × ১০ = ১০

১। ঝিঙেফুল ঘুমায় ...

- ক) শ্যামলী মায়ের কোলে      খ) শীতল বাতাসে  
গ) ছায়ায়      ঘ) সবুজ পাতার ফাঁকে।

২। মরা মাচানের দেশ মশগুল করে তোলে—

- ক) পুইডাটা      খ) লাউডগা      গ) শসায়ফুল      ঘ) ঝিঙেফুল।

৩। 'ছাড়পত্র' কবিতায় "পেয়েছি নতুন চিঠি"— চিঠিটা হল—

- ক) আসন্ন প্রত্যাশার      খ) আসন্ন প্রতিবাদের  
গ) আসন্ন যুগের      ঘ) আসন্ন গোলমালের।

৪। "অস্পষ্ট কুয়াশাভরা চোখে"— এই চোখ হল—

- ক) প্রকৃতির চোখ      খ) নবজাতকের চোখ  
গ) লেখকের চোখ      ঘ) কোনটি নয়।

৫। "..... নতুন শিশুকে / করে যাব আশীর্বাদ" — কবি আশীর্বাদ করতে চান—

- ক) ফুল দিয়ে      খ) মন্ত্র দিয়ে  
গ) অর্থ দিয়ে      ঘ) রক্ত দিয়ে।

৬। 'অচেনার আনন্দ' গল্পে অকুর মাঝি মাছ ধরবার জন্য পাততো —

- ক) দোয়াড়ি      খ) বড়শি  
গ) জাল      ঘ) কাপড়।

৭। গোরুর গাড়িতে বোঝাই ছিল—

- ক) আমের ঝাঁক      খ) আঁখের গুড়  
গ) খেজুর গুড়      ঘ) খড়ের আঁটি।

৮। অপু তার দিদির সঙ্গে বাছুর খুঁজতে আসে—

- ক) পূর্ব মাঠে      খ) দক্ষিণ মাঠে  
গ) উত্তর মাঠে      ঘ) পশ্চিম মাঠে।

৯। ত্রিপুরার সংখ্যাগরিষ্ঠ উপজাতি হল—

ক) রিয়াং

খ) কুকি

গ) জমাতিয়া

ঘ) ত্রিপুরি।

১০। গড়িয়া ওয়াচক নির্মিত হয় —

ক) কাঠ দিয়ে

খ) মাটি দিয়ে

গ) বাঁশ দিয়ে

ঘ) পিতল দিয়ে।

নিম্নলিখিত প্রশ্নগুলির পূর্ণাঙ্গ বাক্যে উত্তরদাও :

১ × ১০ = ১০

১১। ঝিঙেফুল কোন্ সময়ে ফোটে?

১২। জাফরানি কী?

১৩। ছাড়পত্র বলতে কী বোঝায়?

১৪। 'ছাড়পত্র' কবিতায় কবি প্রাণপনে কী সরাতে চান?

১৫। অপুদের গ্রামের নাম কি?

১৬। 'মা টের পেলে কিন্তু পিঠের ছাল তুলবে' — কে, কাকে একথা বলেছে?

১৭। খাচি পূজার প্রধান পুরোহিতকে কি বলে?

১৮। 'কের' শব্দের অর্থ কী?

১৯। অভাগীর স্বর্গগল্পে কাঙালির বাবার নাম কি?

২০। অভাগীর স্বর্গগল্পে শ্মশানের অবস্থান কোথায়?

বিভাগ-খ

নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

২ × ৩ = ৬

২১। "আমি হয়, ভালোবাসি মাটি-মায়"।

— এখানে 'আমি' কে? সে মাটি মাকে ভালোবাসে কেন?

১ + ১ = ২

২২। "আমি রেলগাড়ি দেখবো বাবা" — কে একথা বলেছে? একথা বলায় বাবা কী

বললেন?

১ + ১ = ২

২৩। "একটু পায়ের ধুলা দিতে গিয়া কাদিয়া ফেলিল।" কে, কেন কাঁদল? ১ + ১ = ২

নীচের প্রশ্নগুলোর উত্তরদাও :

৩ × ৪ = ১২

২৪। "এই পর্যন্ত তাহার দৌড়" — তাহার বলতে এখানে কাকে বোঝানো হয়েছে?

'এই পর্যন্ত' বলতে কতটুকু পর্যন্ত বোঝানো হয়েছে ব্যাখ্যা কর।

১ + ২

২৫। "পাতার দেশের পাখি বাঁধা হিয়া বোটাতে" — তাৎপর্য ব্যাখ্যা কর।

৩

২৬। "মায়ের চোখ ছলছল করিয়া আসিল" — কার লেখা কোন গল্পের উক্তি? কখন

মায়ের চোখ ছল ছল করে আসে এবং কেন?

১ + ২

২৭। “এই ঘণ্টা-দুয়েকের অভিজ্ঞতায় সংসারে সে যেন একেবারে বুড়া হইয়া গিয়াছিল।”  
— এখানে কার কথা বলা হয়েছে? উদ্ধৃত অংশের তাৎপর্য লিখ। ১ + ২

নিম্নে প্রদত্ত প্রশ্নগুলির ব্যাখ্যামূলক উত্তর দাও :

৫ × ২ = ১০

২৮। “আমার দেহের রক্তে নতুন শিশুকে / করে যাব আশীর্বাদ”।

কার লেখা, কোন কবিতার অংশ? বস্তু কী আশীর্বাদ করতে চান? কেন তাদের আশীর্বাদ করবেন? ১ + ২ + ২

অথবা

“সবুজ পাতার দেশে ফিরোজিয়া ফিঙে কুল” — ‘সবুজ পাতার দেশ’ বলতে কবি কী বুঝিয়েছেন? ‘ফিরোজিয়া’ কথাটির অর্থ কি? ‘ফিরোজিয়া ফিঙেফুল’ বলার কারণ কি?

১ + ১ + ৩

২৯। “এই পূজা চেংলাই পূজা নামে পরিচিত।” — কোন পূজা চেংলাই পূজা নামে পরিচিত? এই পূজা কারা করে? কী উদ্দেশ্যে এই পূজা করা হয়? এই পূজা পালনের আবশ্যিক রীতিগুলি কী কী?

১ + ১ + ১ + ২

অথবা

“আজ সেই অপু সর্বপ্রথম গ্রামের বাহিরে পা দিল।” —

অপুর গ্রামের নাম কী? তার বয়স কত? অপু কার সঙ্গে কোথায় গিয়েছিল? গ্রামের বাহিরে পা দেওয়ার আগে অপুর অবস্থা কেমন ছিল? ১ + ১ + ১ + ২

বিভাগ-গ

৩০। রেখাঙ্কিত পদগুলির কারক ও বিভক্তি নির্ণয় কর :

১ × ৪

ক) তাহাদের গ্রামের পথটি বাঁকিয়া নবাবগঞ্জের সড়কে পড়েছে।

খ) এই চতুর্দশ দেবতা পার্বত্যরাজ্য ত্রিপুরার রাজাদের কুলদেবতা নামে পরিচিত।

গ) এসেছে নতুন শিশু।

ঘ) মরা মাচানের দেশ করে তোলে মশগুল।

৩১। সন্ধি বিচ্ছেদ কর (যেকোনো ৪টি) :

১ × ৪

দুশ্চরিত্র, পয়োধি, ছোড়দা, চলচ্চিত্র, চাট্রি।

৩২। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (যেকোন ৪টি) :

১ × ৪

দশানন, ত্রিফলা, দুর্ভিক্ষ, গায়েহলুদ, নবরত্ন।

৩৩। নিম্নলিখিত বর্ণগুলির ১টি করে উদাহরণ দাও : (যেকোন ৪টি)

১ × ৪

অঘোষ বর্ণ, তালব্যবর্ণ, অযোগবাহ বর্ণ, নাসিক্যবর্ণ, উষ্মবর্ণ।

৩৪। উদাহরণসহযোগে অনুসর্গের ধারণা দাও।

বিভক্তি ও অনুসর্গের মধ্যে পার্থক্য নিরূপণ কর।

২ + ২

৩৫। এক কথায় প্রকাশ কর (যেকোনো ৪টি) :

১ × ৪

কাচের তৈরি বাড়ি, তরল অথচ গাঢ়, ছিন্ন বস্ত্র, ধনুকের ছিলা, কুকুরে ডাক।

### বিভাগ - ঘ

নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

৩৬। ড্রাগ্‌স চক্রের অভিযান কল্পে থানা-পুলিশের টহল বাড়তে স্থানীয় পুলিশ  
আধিকারিকের নিকটে একখানা পত্র লেখো।

৪

অথবা

বিশ্ব পরিবেশ দিবস' ও পরিবেশ সচেতনতার বিষয়টি নিয়ে একটি প্রতিবেদন রচনা করো।

৪

৩৭। ভাবসম্প্রসারণ কর :

উত্তম নিশ্চিত্তে চলে অধমের সাথে  
তিনিই মধ্যম যিনি চলেন তফাতে।

৪

\*\*\*\*\*